গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
☎ ৮৮৭৯৩৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ৭১৪-প্র.প্র. তারিখঃ ৬/১১/১৯

দপ্তরাদেশ

বিষয়ঃ সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে ঠিকাদারগণের চলমান কাজের তথ্যাদি TCiS Database- এ যথাসময়ে অন্তর্ভূক্তকরণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে ঠিকাদারগণের চলমান কাজের মূল্য নিরূপনের জন্য TCiS শীর্ষক একটি ওয়েব ভিত্তিক Application System চালু করা হয়েছে। দরপত্র মূল্যায়নে ঠিকাদারগণের চলমান কাজের (Ongoing Works) মূল্য সঠিকভাবে নিরূপন করা বাঞ্ছনীয়। এ লক্ষ্যে সকল নির্বাহী প্রকৌশলী, সওজ -কে নিম্মোক্ত নিদের্শনা অনুযায়ী TCiS- এ তথ্য অন্তর্ভূক্তি নিশ্চিত করার জন্য নির্দেশ দেয়া হলোঃ

ক) চুক্তি সম্পাদন হওয়ার ০২(দুই) দিনের মধ্যে চুক্তি সংক্রান্ত তথ্যাবলী TCiS Database- এ অন্তর্ভূক্ত করতে হবে। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ-গণ তাদের স্বঃ স্বঃ কার্যালয়ের আওতায় স্বাক্ষরিত চুক্তির তথ্যাদি চুক্তি সম্পাদনের অব্যবহিত পরেই TCiS- এ অন্তর্ভূক্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সওজ -কে প্রেরণ করবেন।

খ) চলমান ক্রয়চুক্তির বিল পরিশোধের অব্যবহিত পরেই উক্ত তথ্যাদি TCiS Database- এ অন্তর্ভূক্ত করতে হবে।

উপরোক্ত নিদের্শনার ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৬/১১/১৯
(ইবনে আলম হাসান)
পরিচিতি নং- ০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ ময়মনসিংহ/ রংপুর/ রাজশাহী/ খুলনা/ গোপালগঞ্জ/ বরিশাল জোন/ পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সকল।
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, সকল।
৪। সিনিয়ার সিস্টেম এনালিস্ট, সওজ ওয়েব সাইটের Procurement Circle Block এ Upload করার জন্য বলা হল।